

QP Code : 18UA17EBG6

স্নাতক পাঠক্রম

অনুশীলন পত্র

ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা ( Bengali )

ষষ্ঠ পত্র

Natak O Moncho Ebong Sahityer

Rupabhed : EBG-6

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৩০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

২০ × ২ = ৪০

(ক) ‘নীলদর্পণ’ নাটক হিসেবে তেমন উচ্চমানের না হলেও এর ঐতিহাসিক গুরুত্ব অস্বীকার করা যাবে না। দীনবন্ধু মিত্রের ‘নীলদর্পণ’ প্রসঙ্গে এই অভিমত আপনি মেনে নেবেন কি? যুক্তিসহ আলোচনা করুন।

(খ) ‘রথের রশি’-কে রূপক-সাংকেতিক নাটক বলেছেন অনেকে। কেন এই শ্রেণিভুক্ত বলে আপনি মনে করেন সংক্ষেপে আলোচনা করুন। প্রসঙ্গত এই বর্গীকরণে আপনার আপত্তি থাকলে তাও যুক্তিসহ জানান।

B.A.-AU-6017

[ পরের পৃষ্ঠায় দৃষ্টব্য

QP Code : 18UA17EBG6 2

(গ) ‘নবান্ন’ নাটকে গানগুলির প্রয়োজনীয়তা কী সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) নবনাট্য আন্দোলন বাংলা নাটক ও নাট্যমঞ্চের ক্ষেত্রে কী ভূমিকা পালন করেছিল সংক্ষেপে লিখুন।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) :

১২ × ৩ = ৩৬

(ক) মনুয় ও তনুয় কবিতা বলতে কী বোঝায় দু’একটি উদাহরণসহ আলোচনা করুন।

(খ) পাশ্চাত্য সাহিত্য তাত্ত্বিকদের অনুসরণে এপিক বা মহাকাব্যের লক্ষণগুলি বুঝিয়ে দিন।

(গ) রূপগত ও কাব্যগত — এই দুই দিক থেকে নাটকের শ্রেণিবিভাগ করুন।

(ঘ) বাংলা সাহিত্যের দুটি আত্মজৈবনিক উপন্যাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ঙ) ‘নবান্ন’ নাটকের নায়ক কে, যুক্তিসহ আলোচনা করুন।

(চ) ‘রথের রশি’ নাটকের নারী চরিত্রগুলি সম্পর্কে আলোচনা করুন।

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে):

৬ × ৪ = ২৪

(ক) “দাদন গাদালিই তো হয় না, চসা চাই।” — বক্তা কে? কী প্রসঙ্গে এই মন্তব্য বুঝিয়ে দিন।

B.A.-AU-6017

### 3 QP Code : 18UA17EBG6

- (খ) “তার পরে কোন্-এক যুগে কোন্-একদিন আসবে উল্টোরথের পালা।” — কোন্ প্রসঙ্গে, কে এই কথা বলেছেন আলোচনা করুন।
- (গ) “আমিনপুরের কলঙ্ক, আমিনপুরের কলঙ্ক তোরা সব, তাই পেছ হঠাৎসি।” — বক্তা কে ? এই মন্তব্যের তাৎপর্য কী ?
- (ঘ) গাথা এবং আখ্যানকাব্যের পার্থক্য নিরূপণ করুন।
- (ঙ) ঐতিহাসিক উপন্যাস বলতে কী বোঝেন ? বিভিন্ন ধাঁচের ঐতিহাসিক উপন্যাসের নাম উল্লেখ করুন।
- (চ) অতিপ্রাকৃত গল্পের সংক্ষিপ্ত পরিচয় দিন। কয়েকটি বাংলা অতিপ্রাকৃত গল্পের উদাহরণ দিন।
- (ছ) সনেটের একটি সংক্ষিপ্ত পরিচয় দিন।
- (জ) বাংলা নাটকের ইতিহাসে লেবেদফের গুরুত্ব কোথায় সংক্ষেপে লিখুন।

- 
1. Date of Publication : 23/10/2017
  2. Last date of submission of answer script by the student to the study centre : 02/12/2017
  3. Last date of submission of marks by the examiner to the study centre : 13/01/2018
  4. Date of evaluated answer script distribution by the study centre to the student : 20/01/2018
  5. Last date of submission of marks by the study centre to the Department of C.O.E. on or before : 31/01/2018